

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬৫০

১/ বিবিধ

আরবী

أحبوا قريشا، فإنه من أحبهم أحبه الله تعالى
ضعيف جدا

رواه الحسن بن عرفة في " جزئه " (1 / 107) : حدثنا عيسى بن مرحوم بن عبد
العزیز العطار: حدثنا عبد المهيم بن عباس بن سهل الساعدي عن أبيه عن جده
مرفوعا. قلت: وهذا إسناد ضعيف جدا. علته عبد المهيم هذا، قال البخاري وأبو
حاتم: " منكر الحديث
وقال النسائي (2 / 141) : " ليس بثقة " وفي موضع آخر: " متروك الحديث ". وقال
ابن حبان (2 / 141) : " ينفرد عن أبيه بأشياء مناكير لا يتابع عليه من كثرة وهمه،
فلما فحش ذلك في روايته بطل الاحتجاج به ". ومن طريقه أخرجه الطبراني في "
الكبير " والبيهقي في " الشعب " كما في " فيض القدير

বাংলা

৬৫০। তোমরা কুরাইশদেরকে ভালবাস। কারণ যে ব্যক্তি তাদেরকে ভালবাসবে আল্লাহ তা'আলা তাকে
ভালবাসবেন।

হাদীছটি নিতান্তই দুর্বল।

এটি আল-হাসান ইবনু আরাফা তার "জুযউ" (১/১০৭) গ্রন্থে ঈসা ইবনু মারহুম হতে তিনি আব্দুল মুহায়মেন ইবনু
আব্বাস হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি নিতান্তই দুর্বল। কারণ এই আব্দুল মুহায়মেন সম্পর্কে ইমাম বুখারী এবং আবু হাতিম বলেনঃ তিনি মুনকারুল হাদীছ। নাসাঈ বলেনঃ তিনি নির্ভরযোগ্য নন। অন্যত্র বলেনঃ তিনি মাতরুকুল হাদীছ। ইবনু হিব্বান (২/১৪১) বলেনঃ তিনি তার পিতা হতে বহু মুনকার হাদীছ এককভাবে বর্ণনা করেছেন। বেশী সন্দেহপ্রবণ হওয়ার কারণে তার মুতাবায়াত করা যায় না। যখন তার বর্ণনাই তার সন্দেহ প্রবণতা প্রচণ্ড আকার ধারণ করেছে তখন তার দ্বারা দলীল গ্রহণ করাই বাতিল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71529>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন